

# মেয়র আনিসুল হককে শ্রদ্ধা জানাবেন শিল্পীরা

বিনোদন রিপোর্ট

১৫ জানুয়ারি ২০১৮, ১৪:৪৪

---

বাংলা ট্রিবিউন

শিল্পীর পাশে ফাউন্ডেশনের আয়োজিত এক অনুষ্ঠানে প্রয়াত শিল্পী লাকী আখান্দের পাশে দাঁড়িয়েছিলেন আনিসুল হক (ডানে)। ছবি- মাহবুল আলম

দেশের বিভিন্ন অঙ্গনের শিল্পীদের জন্য তৈরি সংগঠন ‘শিল্পীর পাশে ফাউন্ডেশন’-এর প্রধান উদ্যোক্তা ছিলেন প্রয়াত মেয়র আনিসুল হক। ফাউন্ডেশনটি এবার তাকে স্মরণ করে তার প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য বিশেষ এক অনুষ্ঠানের আয়োজন করেছে।

আগামী ১৭ জানুয়ারি সন্ধ্যায় বাংলা একাডেমিতে হবে এ অনুষ্ঠান। এখানে দেশের ব্যবসা, অর্থনীতি, নেতৃত্ব, যোগাযোগ ও সাংস্কৃতিক অঙ্গনে আনিসুল হকের রেখে যাওয়া অনন্য অবদান নিয়ে কথা বলা ও তাকে বিশেষভাবে স্মরণ করা হবে।

সম্মিলনে উপস্থিত হবেন শিল্পীর পাশে ফাউন্ডেশনের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. অধ্যাপক আনিসুজ্জামান, ভাইস-চেয়ারম্যান অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, কোষাধ্যক্ষ সৈয়দ আবদুল হাদী, সদস্য অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম, অধ্যাপক মুহাম্মদ জাফর ইকবাল, শিল্পী ফেরদৌসী রহমান,

মুস্তাফা মনোয়ার, সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর, সাংস্কৃতিক ব্যক্তিত্ব আবুল খায়ের লিটু, ফরিদুর রেজা সাগর, নাসিরুদ্দিন ইউসুফ বাচ্চু, আলী যাকের, ফয়সাল সিদ্দিকী বগি, অঞ্জন চৌধুরী পিন্টুসহ অনেকে। অনুষ্ঠানে আনিসুল হকের কীর্তিময় জীবনের ওপর একটি সংক্ষিপ্ত ভিডিওচিত্রও প্রদর্শিত হবে।